# সচারচর জিজ্ঞাসা

# আর্থিক অনুদান সংক্রান্ত (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা)

**১। আমি দাখিল ১০ম শ্রেণির একজন ছাত্র, আমি আর্থিক অনুদান সেবায় আবেদন করতে পারছি না। কিভাবে আবেদন করবো?**

উত্তরঃ আর্থিক অনুদানের জন্য শিক্ষার্থী সরাসরি অনলাইনে আবেদন করতে পারবেন না। শিক্ষার্থীগণকে প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণপূর্বক প্রতিষ্ঠান প্রধান মাধ্যমে মাইগভ প্ল্যাটফর্মে আবেদন করতে হবে। আবেদন করার জন্য নমুনা আবেদন ফরম (ডাউনলোড করতে এখানে ক্লিক করুন) পূরণ করে আবেদনের হার্ডকপি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর জমা দিবেন। অতঃপর উক্ত আবেদন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অনলাইনে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে দাখিল করবেন।

উল্লেখ্য যে, আবেদন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাইগভ প্লাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে)**। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান এর প্রোফাইল থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত কোড)** দিয়ে প্রোফাইল ভেরিফাই/ যাচাই করতে হবে।

**২। আমি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার প্রধান, আমার প্রতিষ্ঠানের ইআইআইএন (EIIN) নম্বর নেই। এক্ষেত্রে আমার প্রতিষ্ঠানের জন্য কিভাবে আবেদন করবো?**

উত্তরঃ যে সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ব্যানবেইজ কর্তৃক প্রদানকৃত EIIN নম্বর নেই, সে সকল প্রতিষ্ঠান বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত মাদ্রাসা কোড প্রদান করে ভেরিফাই করতে হবে।

উল্লেখ্য যে, আবেদন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাইগভ প্লাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে)**। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান এর প্রোফাইল থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত মাদ্রাসা কোড)** দিয়ে প্রোফাইল ভেরিফাই/যাচাই করতে হবে। এরপর কাঙ্ক্ষিত সেবায় আবেদন করা যাবে।

**৩। শিক্ষার্থীদের আর্থিক অনুদান আবেদন ফর্মে ভ্যারিভাইড আইডি দিয়ে আবেদন করুন বাটন আসে? এক্ষেত্রে করণীয় কি?**

উত্তরঃ আর্থিক অনুদানের জন্য শিক্ষার্থী সরাসরি অনলাইনে আবেদন করতে পারবেন না। নির্দেশনা অনুযায়ী, আবেদন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাইগভ প্লাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে)**। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান এর প্রোফাইল থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর **(স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত মাদ্রাসা কোড)** দিয়ে প্রোফাইল ভেরিফাই/যাচাই করতে হবে। ভেরিভাই করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ রেজিস্ট্রার কাঙ্ক্ষিত সেবায় প্রবেশ করলে আবেদন করুন বাটন পাবে।

**৪। আমি ডিপ্লোমা ইন কমার্স এর ছাত্র। টেকনিক্যান প্রতিষ্ঠানের EIIN কোড হয় না। এক্ষেত্রে আমি আবেদন করবো কিভাবে?**

উত্তরঃ ব্যানবেইস নিবন্ধিত সকল শিক্ষা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের EIIN কোড আছে। নির্দেশনা অনুযায়ী আপনার আবেদন, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের মাধ্যমে করতে হবে। এক্ষেত্রে আপনাকে, নমুনা আবেদন ফরম (ডাউনলোড করতে এখানে ক্লিক করুন) পূরণ করতে হবে। অতঃপর, আবেদনপত্র ও  সংযুক্তিসমূহের হার্ডকপি প্রতিষ্ঠান প্রধানের জমা দিতে হবে। অতঃপর উক্ত আবেদন প্রতিষ্টান প্রধান অনলাইনে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে দাখিল করবেন।

**৫। আমি একটি কারিগরি প্রতিষ্ঠানের কর্মচারী। মাইগভ প্ল্যাটফর্মে শিক্ষকদের আবেদনের সুযোগ আছে। আমার আবেদন কিভাবে করবো?**


উত্তরঃ নির্দেশনা অনুযায়ী, শিক্ষক/ কর্মচারীর আর্থিক অনুদান সেবায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে মাইগভ প্ল্যাটফর্মে আবেদন করতে হবে। আপনার আবেদনটি আপনার প্রতিষ্ঠানের প্রধান করতে পারবেন। অন্য শিক্ষক আবেদন করতে পারবেন না।

আবেদন করার জন্য নমুনা আবেদন ফর্ম (ডাউনলোড করতে এখানে ক্লিক করুন) পূরণ করতে হবে। অতঃপর, আবেদনপত্র ও সংযুক্তিসমূহের হার্ডকপি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান মহোদয় বরাবর জমা দিতে হবে। অতঃপর উক্ত আবেদন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মহোদয় অনলাইনে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে দাখিল করবেন।

**৬। আমি একটি মাদ্রাসার প্রধান শিক্ষক। মাইগভ প্ল্যাটফর্মে এর আগেই আমার মোবাইল নম্বরে একটি একাউন্ট আছে। আমার আবার নতুন একাউন্ট করতে হবে?**

উত্তরঃ নির্দেশনা অনুযায়ী, আর্থিক অনুদান সেবায় আবেদন করতে মাইগভ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে (**স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে**)। আপনার মোবাইলটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী (**স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে**) হলে নতুন করে মাইগভ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে না। যদি না হয়, তাহলে নতুন করে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল দেখতে এখানে ক্লিক করুন।

**৭। মাইগভ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে গেলে, এই মোবাইল নম্বরটি ইতিমধ্যেই ব্যবহার করা হয়েছে বার্তা আসে। আমি রেজিস্ট্রেশন করতে পারছি না। এক্ষেত্রে করণীয় কি?**





উত্তরঃ আপনাকে প্রথমে রেজিস্ট্রেশন করুন বাটনের নিচে লগইন করুন বাটনে ক্লিক করতে হবে। অতঃপর মোবাইল নম্বর ও পার্সওয়ার্ড ঘরের নিচে পাসওয়ার্ড ভুলে গেছেন? বাটনে ক্লিক করবেন। এ পর্যায়ে আপনার মোবাইল নম্বরে আগত ৬ সংখ্যার OTP নির্দিষ্ট ঘরে পূরণ করবেন। অতঃপর, নতুন পার্স-ওয়ার্ড সেট করে লগ-ইন করবেন। মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে আর্থিক অনুদান সেবায় রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ব্যবহার সহায়িকা ডাউনলোড করতে এখানে ক্লিক করুন।

**৮। মাইগভ প্ল্যাটফর্মে লগ-ইন করতে গেলে- রিক্যাপচা যাচাই ব্যর্থ হয়েছে। অনুগ্রহ করে আবার চেষ্টা করুন বার্তা আসে। এক্ষেত্রে করণীয় কি?**





উত্তরঃ এক্ষেত্রে, আপনাকে ৫ মিনিট পর লগ-ইন করার চেস্টা করতে হবে।

**৯। মাইগভ প্ল্যাটফর্মে শিক্ষক প্রোফাইল ভেরিফাই করার পরও আবেদন দাখিল করতে পারছি না। এক্ষেত্রে করণীয় কি?**




**উত্তরঃ** মাইগভ প্ল্যাটফর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সফলভাবে রেজিস্ট্রেশন করার পর প্ল্যাটফর্মে লগ-ইন করে প্রোফাইলে প্রবেশ করতে হবে। প্রোফাইলে আপনার ব্যক্তিগত তথ্য যেমন, নাম (বাংলা, ইংরেজি), পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, ধর্ম, লিঙ্গা, ঠিকানা ইত্যাদি যথাযথভাবে পূরণ করতে হবে। প্রোফাইলে সকল তথ্য পূরণ এবং শিক্ষক প্রোফাইল যাচাই করার পর কাঙ্ক্ষিত সেবায় আবেদন করা যাবে।

**১০। প্রোফাইলে সকল তথ্য আপডেট করার পরও আপনার প্রোফাইল তথ্য অসম্পূর্ণ! বার্তার পপ-আপ বক্স আসে এবং বক্সটি রিমুভ করার পরও আবেদন করতে পারছি না। কি করবো?**





**উত্তরঃ** এক্ষেত্রে আপনাকে মাইগভ প্ল্যাটফর্মে লগ-ইন করার পর প্রোফাইল বাটনে ক্লিক করতে হবে। প্রোফাইল পেইজে যাওয়ার পর পেইজের ডান পাশে উপরে আপনার নামের পাশের ৯টি ডটের বাটনে ক্লিক করে মাইগভের লোগো'তে ক্লিক করলে প্রোফাইল সিঙ্ক্রোনাইজেশন হলে আপনার সমস্যাটি সমাধান হবে।




**১১। গতবছর আর্থিক অনুদান সেবায় আমি নিজেই আবেদন করেছি। এ বছর এরূপ পদ্ধতি কেন?**

উত্তরঃ প্রকৃত সুবিধাভোগী বাছাই করা এবং ভূয়া আবেদন বন্ধ করার জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এ বছর শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক/ অধ্যক্ষ) এর মাধ্যমে আবেদন করতে হবে।


**১২। শিক্ষক প্রোফাইল ভেরিকশন করতে EIIN কোড দিলে Teacher records not found বার্তা আসে। এক্ষেত্রে করণীয় কি?**




উত্তরঃ এ বার্তার মানে, আপনার তথ্য ব্যানবেইজ শিক্ষা জরিপ-২০২৫ অনুযায়ী প্রদান করা হয়নি। উল্লেখ্য যে, আর্থিক অনুদান সেবায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক/ অধ্যক্ষ) এর মাধ্যমে আবেদন করতে হবে।

এক্ষেত্রে, ব্যানবেইজ তথ্য নিয়ে যেকোন সমস্যায় ব্যানবেইজ প্রতিনিধির সাথে নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় যোগাযোগ করতে পারেনঃ
ap2_ictdiv@banbeis.gov.bd

**১৩। শিক্ষক প্রোফাইল ভেরিকশন করতে EIIN কোড দিলে Something went wrong বার্তা আসে। এক্ষেত্রে করণীয় কি?**




উত্তরঃ এ পর্যায়ে কিছুক্ষণ পর পুনঃরায় চেষ্টা করার অনুরোধ থাকলো।

উল্লেখ্য যে, আর্থিক অনুদান সেবায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক/ অধ্যক্ষ) এর মাধ্যমে আবেদন করতে হবে।

এক্ষেত্রে, ব্যানবেইজ তথ্য নিয়ে যেকোন সমস্যায় ব্যানবেইজ প্রতিনিধির সাথে নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় যোগাযোগ করতে পারেনঃ
ap2_ictdiv@banbeis.gov.bd

**১৪। শিক্ষার্থীর নগদ মোবাইল ব্যাংকিং একাউন্ট নেই। এক্ষেতে করণীয় কি?**

উত্তরঃ নির্দেশনা মোতাবেক, চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের অনুদানের অর্থ আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ব্যাংকিং (নগদ একাউন্ট) এ প্রেরণ করা হবে । এক্ষেত্রে, আবেদন ফর্মে শিক্ষার্থী বা শিক্ষার্থীর পিতা/ মাতা/ অভিভাবক এর নগদ মোবাইল ব্যংকিং নম্বর ইংরেজিতে লিখতে হবে।

**১৫। আমি দাখিল ৯ম শ্রেণির শিক্ষার্থী। অনুদান সেবায় আবেদন করার জন্য কি কি ডকুমেন্ট বা কাগজাদি জমা দিতে হবে?**

উত্তরঃ নির্দেশনা অনুযায়ী, শিক্ষার্থীদের আর্থিক অনুদান সেবায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মাধ্যমে মাইগভ প্ল্যাটফর্মে আবেদন করতে হবে। নমুনা আবেদন ফরম (ডাউনলোড করতে এখানে ক্লিক করুন) যথাযথ পূরণ করে, নিম্নোক্ত কাগজাদি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মহোদয়ের বরাবর জমা দিতে হবে-

- প্রতিষ্ঠান প্রধান /বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র *
- জন্ম নিবন্ধন পত্র অনলাইন ভেরিফাইড *
- সিভিল সার্জন/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ সরকারি হাসপাতাল প্রধান কর্তৃক জটিল/ ব্যয়বহুল রোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র (জটিল/ ব্যয়বহুল রোগে আক্রান্তের ক্ষেত্রে প্রযোজ্য)
- সমাজ সেবা অধিদফতর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধি কার্ডের অনুলিপি (প্রতিবন্ধির ক্ষেত্রে প্রযোজ্য)
- উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক অনগ্রসর সম্প্রদায় স্বপক্ষে প্রত্যয়নপত্র (অনগ্রসর সম্প্রদায়ভুক্তর ক্ষেত্রে প্রযোজ্য)

**১৬। আমি পলিটেকনিক ইনস্টিটিউটের কর্মচারী। অনুদান সেবায় আবেদন করার জন্য আমার করণীয় কি?**

উত্তরঃ নির্দেশনা অনুযায়ী, কর্মচারীর আর্থিক অনুদান সেবায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মাধ্যমে মাইগভ প্ল্যাটফর্মে আবেদন করতে হবে। আপনার আবেদনটি আপনার প্রতিষ্ঠানের প্রধান (অধ্যক্ষ) করতে পারবেন। নমুনা আবেদন ফরম (ডাউনলোড করতে এখানে ক্লিক করুন) যথাযথ পূরণ করে, নিম্নোক্ত কাগজাদি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান মহোদয়ের বরাবর জমা দিতে হবে-

- প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সুনির্দিষ্ট কারণ উল্লেখ সহ সত্যায়িত প্রত্যয়নপত্র *
- সিভিল সার্জন/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ সরকারি হাসপাতাল প্রধান কর্তৃক জটিল/ ব্যয়বহুল রোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র *

**১৭। আমার মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে আর্থিক অনুদান সেবায় আবেদন করতে চাই। এক্ষেত্রে আমার করণীয় কি?**

উত্তরঃ নির্দেশনা মোতাবেক, আবেদন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাইগভ প্লাটফর্মে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রদত্ত মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ (**স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর**) এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে।

রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান এর প্রোফাইল থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর/ মাদ্রাসা কোড দিয়ে প্রোফাইল ভেরিফাই/যাচাই করতে হবে।


প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণপূর্বক প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে আবেদন করতে হবে।

যথাযথ আবেদন ফর্ম পূরণ করে, নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে-

- উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত স্বপক্ষে প্রত্যয়নপত্র *
- চেক বহির উপরের কভার পেইজের ছবি *

রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল দেখতে এখানে ক্লিক করুন।

**১৮। মাইগভ একাউন্টের পার্স-ওয়ার্ড ভুলে গেছি। এক্ষেত্রে করণীয় কি?**




উত্তরঃ মোবাইল নম্বর ও পার্সওয়ার্ড ঘরের নিচে পাসওয়ার্ড ভুলে গেছেন? বাটনে ক্লিক করবেন। এ পর্যায়ে আপনার মোবাইল নম্বরে আগত ৬ সংখ্যার OTP নির্দিষ্ট ঘরে পূরণ করবেন। অতঃপর, নতুন পার্স-ওয়ার্ড সেট করে লগ-ইন করবেন।

মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে আর্থিক অনুদান সেবায় রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ব্যবহার সহায়িকা ডাউনলোড করতে এখানে ক্লিক করুন।

**১৯। আমি একটি মাদ্রাসার প্রধান শিক্ষক। আমার প্রোফাইলে নাম এর ঘরে মাদ্রাসার নাম লিখবো?**

উত্তরঃ না। আপনার প্রোফাইলে আপনার এনআইডি অনুযায়ী নাম লিখবেন। আর্থিক অনুদান সেবায় অনলাইনে আবেদন করতে মাইগভ প্ল্যাটফর্মে আপনার প্রোফাইলের সকল তথ্য যথাযথ পূরণ করতে হবে। মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে আর্থিক অনুদান সেবায় রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ব্যবহার সহায়িকা ডাউনলোড করতে এখানে ক্লিক করুন। রেজিস্ট্রেশন এবং আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল দেখিতে এখানে ক্লিক করুন।

**২০। অনুদানের আবেদন ফর্মে কোন নগদ একাউন্ট নম্বর লিখতে হবে?**

উত্তরঃ আবেদন ফর্মে শিক্ষার্থী বা শিক্ষার্থীর পিতা/মাতা/ অভিভাবক এর নগদ মোবাইল ব্যাংকিং নম্বর ইংরেজিতে লিখতে হবে।

**২১। আমার নগদ একাউন্ট নেই? এক্ষেত্রে বিকাশ, রকেট বা অন্য মোবাইল একাউন্ট নম্বর দিলে হবে?**

উত্তরঃ নির্দেশনা মোতাবেক, চূড়ান্তভাবে নির্বাচিত অনুদানের অর্থ আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ব্যাংকিং (নগদ একাউন্ট) এ প্রেরণ করা হবে। অন্য, মোবাইল ব্যাংকিং একাউন্ট গ্রহনযোগ্য নয়।

**২২। নগদ একাউন্ট নম্বর লিখলে Invalid স্ট্যাটাস আসে। এক্ষেত্রে করণীয় কি?**

উত্তরঃ উক্ত বার্তার মানে হলো, প্রদত্ত নগদ একাউন্ট নম্বরটি সচল নেই। এক্ষেত্রে আবেদনকারীকে নগদ সাপোর্ট সেন্টারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**২৩। আমি একটি পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ। শিক্ষার্থীর আবেদন ফর্মের নিচে সংযুক্তি কিভাবে আপলোড করবো?**

উত্তরঃ আবেদন ফরমের নিচে প্রদত্ত ডকুমেন্ট বা সংযুক্তি স্ক্যান করে প্রতিটি ফাইল PDF বা JPG বা PNG ফরম্যাটে প্রস্তুত করতে হবে। ছবি থেকে ফাইল PDF বা JPG বা PNG ফরম্যাটে প্রস্তুত করতে এই লিংকে ক্লিক করুন। উল্লেখ্য যে, প্রতিটি ফাইল সর্বোচ্চ ২ মেগাবাইট থাকতে হবে। ফাইল কম্প্রেস করতে এখানে ক্লিক করুন।

**২৪। আমি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থী। গত বছর আবেদন করেছিলাম। এ বছর আবেদন করতে পারবো?**

উত্তরঃ গতবছর নির্বাচিত হয়ে থাকলে, এ বছর আবেদন করতে পারবেন না। একজন শিক্ষার্থী অনুদান প্রাপ্ত হওয়ার ৩ (তিন) বছরের মধ্যে আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবে না।

**২৫। মাইগভে যাওয়ার পর শিক্ষার্থীদের আর্থিক অনুদান নামে ২টি সেবার নাম দেখতে পাচ্ছি। আমার মাদ্রাসা শিক্ষার্থীদের আবেদন কোন সেবায় দাখিল করবেন?**

উত্তরঃ মাইগভের হোম পেইজ থেকে শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীদের আর্থিক অনুদান ট্যাবে ক্লিক করার পর ৬টি সেবার লিস্ট দেখা যাবে।

সেবার লিস্ট থেকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী ও শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক অনুদানের আবেদন নিম্নোক্ত ৩টি সেবায় দাখিল করতে হবে।

- শিক্ষার্থীদের আর্থিক অনুদান (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) https://www.mygov.bd/services/info?id=BDGS-1611120463
- শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী আর্থিক অনুদান (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) https://www.mygov.bd/services/info?id=BDGS-1611120680
- শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক অনুদান (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) https://www.mygov.bd/services/info?id=BDGS-1611123964

**২৬। মাইগভ মোবাইল এপের (myGov mobile App) মাধ্যমে আবেদন করতে পারছি না।/ মাইগভ মোবাইল এপের মাধ্যমে আবেদন করুন বাটনে ক্লিক করলে not found পেইজ আসে। করণীয় কি?**

উত্তরঃ আর্থিক অনুদান সেবায় মাইগভ মোবাইল এপের (myGov mobile App) মাধ্যমে আবেদন করা যায় না। উক্ত সেবায় আবেদন করতে মাইগভ (www.mygov.bd) ওয়েবসাইট ব্যবহার করুন।

**২৭। আমি অনুদানের জন্য নির্বাচিত হলে কিভাবে জানবো?**

উত্তরঃ

- আবেদনপত্র যাচাই বাছাই করার পর অনুদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীর তালিকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (https://tmed.gov.bd/ ) প্রকাশ করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীর নগদ মোবাইল ব্যাংকিং একাউন্টে অনুদানের অর্থ স্বয়ংক্রীয়ভাবে জমা হবে এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- অনুদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রদত্ত ব্যাংক একাউন্ট নম্বরে অনুদানের অর্থ প্রেরণ করা হবে এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

# মাইগভ সাপোর্ট সেবা

✓ মাইগভ প্ল্যাটফর্মে আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য সেবা পেতে ফোন করুন:

তথ্য ও সেবা
333
সবসময়

✓ মাইগভ প্ল্যাটফর্মে আর্থিক অনুদান সেবার জন্য রেজিস্ট্রেশন ও আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল দেখতে ক্লিক করুন:

https://youtu.be/CeahCmcCgtY?si=993HoVm9XbIwI4UZ

✓ কারিগরি সাপোর্টের জন্য মাইগভ প্ল্যাটফর্ম (www.mygov.bd/) এর ‘হেল্প ডেস্ক’ থেকে কারিগরি সেবা বাটন ক্লিক করুন এবং কারিগরি ফরম পুরণ করুন। অথবা এই QR Code স্ক্যান করুন: